



নির্বাচন ভণ্ডুলের অপচেষ্ठा চলছে, পরিকল্পিত হামলার শিকার হাদি: তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, কিছু মহল শর্ত আরোপ করে আসন্ন নির্বাচন ব্যাহত করার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তিনি সতর্ক করে বলেন, এ ধরনের চক্রান্ত এখনও থেমে যায়নি এবং সাম্প্রতিক সময়ে হাদির ওপর হামলাও সেই ষড়যন্ত্রেরই অংশ।

আজ সোমবার (১৫ ডিসেম্বর) বিকেলে রাজধানীর ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউশনে বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে এসব কথা বলেন তিনি। তারেক রহমান বলেন, ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে জনগণকে দমিয়ে রাখার চেষ্টা সফল হবে না। কোনো ভয় নেই উল্লেখ করে তিনি বলেন, সবাই ঐক্যবদ্ধভাবে সামনে এগিয়ে গেলে ষড়যন্ত্রকারীরা পিছিয়ে যেতে বাধ্য হবে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, নির্ধারিত সময়েই নির্বাচন অনুষ্ঠিত হবে এবং সেই নির্বাচনী প্রক্রিয়ায় তিনি নিজেও জনগণের পাশে থাকবেন। তিনি আরও বলেন, আসন্ন নির্বাচন কেবল আনুষ্ঠানিক বা অভিজ্ঞতা অর্জনের জন্য নয়; এই নির্বাচনের সঙ্গে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের আশা, আকাঙ্ক্ষা ও সম্ভাবনা গভীরভাবে জড়িয়ে আছে। অতীতের উদাহরণ টেনে তিনি বলেন, দেশে যখনই গণতন্ত্র হুমকির মুখে পড়েছে, তখনই দেশের স্বাধীনতাও ঝুঁকির মধ্যে পড়েছে।